# এইসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা -দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৯ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ লতিফ সাহেব নর্থ ব্যাংকের মালিক। ব্যাংকটি একটি মাত্র কার্যালয়ের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম করছে। বর্তমানে ব্যাংকটির আন্ত: ব্যাংকিং লেনদেন বেড়ে গেছে। এ কারণে ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নিকাশঘর সুবিধা নেবার সিদ্ধান্ত নিয়েছে।

ক. ব্যাংকিং কী? ১

খ. ঋণের বরাদ্দকরণ নীতি বুঝিয়ে লেখ। ২

গ. গঠন কাঠামো অনুযায়ী উদ্দীপকের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. নিকাশঘর সুবিধা পাওয়ার জন্য ব্যাংকের করণীয় সুপারিশ কর। ৪

**২.** ▶ 'ক' ব্যাংক লি. ঢাকার মতিঝিলে অবস্থিত। ব্যাংকটি এক ধরনের বাণিজ্যিক দলিলি ঋণ ইস্যু করে। যা আমদানিকারক ও রপ্তানিকারকের মধ্যে উল্লেখযোগ্য আস্থার সৃষ্টি করে। সম্প্রতি গ্রাহকের সেবা প্রদানের লক্ষ্যে ব্যাংকটি লেনদেন সম্পাদণের জন্য কম্পিউটার প্রযুক্তি, অনলাইন ব্যাংকিং ও এটিএম সুবিধা প্রচলন করায় গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

ক. পে-অর্ডার কী? ১

খ. জামানত ঋণ বলতে কি বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন ধরনের বাণিজ্যিক দলিলি ঋণ ইস্যু করার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সঠিক স্থান নির্বাচনই ব্যাংকের সাফল্যের কারণ— তুমি একমত? যুক্তি দেখাও। ৪

**৩.** ▶ বাবুল সাহেবের হিসাবে ১,৫০,০০,০০০ টাকা জমা আছে। তিনি ২০শে জুলাই ২০১৫ তারিখে সকাল ১০ টায় ১,০০,০০০ টাকা উত্তোলনের জন্য ব্যাংকে একটি চেক পাঠান। দুপুর ১২ টায় ৭৫,০০,০০০ টাকা জমা দেন। বিকাল ২ টায় করিম সাহেবকে ৯০,০০,০০০ টাকার চেক প্রদান করেন। ঐ দিনই বিকাল ৩ টায় চেকের টাকা তুলতে গেলে ব্যাংক করিম সাহেবকে টাকা প্রদানে অস্বীকৃতি জানায়। এতে বাবুল সাহেবের ব্যবসায়ে নেতিবাচক প্রভাব পড়ে।

ক. বাহক চেক কি? ১

Teachingbd.com

http://teachingbd.com

খ. চেকে দাগ কাটা হয় কেন? ২

গ. বাবুল সাহেব কোন ধরনের ব্যাংক হিসাব পরিচালনা করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যবসায় সুনাম বজায় রাখতে এখানে কী করণীয়? ৪

৪. ▶ নারায়ণগঞ্জের ব্যবসায়ী আলী মিয়া জনতা ব্যাংকের চলতি হিসাবে ৩০ লাখ টাকা জমা করেছে। তিনি ৪০ লাখ টাকার একটি নতুন পে-অর্ডার পেয়ে অতিরিক্ত মূলধণের প্রয়োজনে ব্যাংক থেকে ১০ লাখ টাকা ঋণ গ্রহণ করলো। পরবর্তীতে ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে আরো এক কোটি টাকা ঋণ নেবার কারণে একটি তিন তলা বাড়ি লিখে দেবার সিদ্ধান্ত নিয়েছেন।

ক. ধার কী? ১

খ. তিনি কোন ধরনের ঋণ নিয়েছেন? ২

গ. স্বল্প মেয়াদী ঋণ বলতে কি বোঝায়? ৩

ঘ. নিরাপত্তার কারণে তিনি ব্যাংকে কোন হিসাবে অর্থ রাখতে পারেন বলে তুমি মনে কর এবং যুক্তি দেখাও। ৪

৫. ▶ 'খ' ব্যাংক লিমিটেড অর্থ সংকটে পড়েছে। এ অবস্থায় তিনি একটি আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ পান। উক্ত প্রতিষ্ঠান আবার দেশের উন্নয়নের স্বার্থে ৫০০ কোটি টাকার প্রকল্প গ্রহণ করেছে।

ক. তালিকাভুক্ত ব্যাংক কি? ১

খ. আর্থিক প্রতিষ্ঠান বলতে কি বুঝ? ২

গ. 'খ' ব্যাংক কোন ধরনের প্রতিষ্ঠান হতে ঋণ সুবিধা পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দেশের উন্নয়নের লক্ষ্যে উদ্দীপকে ব্যাংকের কর্মকান্ডে ঋণের বরাদ্দকরণ নীতির প্রভাব পরিলক্ষিত হয়— যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৬. ▶ আরিফ সাহেব একজন পাট ব্যবসায়ী। তিনি তার গুদামের জন্য ৪০ লক্ষ টাকার অগ্নিবিমা করেন। শর্ত থাকে তিনি পরবর্তীতে ক্ষতি সাধন হলে ৪০ লক্ষ টাকার পর্যন্ত ক্ষতিপূরণ পাবেন। আরিফ সাহেবের গুদামের পাশে রফিক সাহেবের দাহ্য পদার্থের গুদাম যা তিনি বিমা কোম্পানিকে জানাননি। কিছুদিন পর দাহ্য পদার্থের গুদামে আগুন লাগার কারণে পাটের গুদাম পুড়ে যায়। আরিফ সাহেব বিমা কোম্পানির কাছে ক্ষতিপূরণ দাবি করেন।

ক. অগ্নি বিমা কী? ১

খ. অগ্নি জনিত ক্ষতি বলতে কি বুঝ? ২

Teachingbd.com

গ. উদ্দীপকের অগ্নি বিমার ধরণ ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর বিমা নীতি অনুযায়ী আরিফ সাহেব ক্ষতিপূরণ পাবে? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৭. ▶ জাহাজের মালিক ১ জানুয়ারি ২০১০ তারিখ থেকে ৩১ জানুয়ারি ২০১০ তারিখের মধ্যে লিভারপুল থেকে চট্টগ্রাম বন্দরে যাত্রাকালে ক্ষতি সম্ভাবনার কারণে বিমা করেন। জাহাজটি ৩১-০১-২০১০ তারিখে চট্টগ্রাম বন্দরের অদূরে ঝড়ে ডুবে যায়।

ক. সামুদ্রিক ক্ষতি কি? ১

খ. পণ্য নিক্ষেপণ বলতে কি বুঝ? ২

গ. জাহাজ মালিকের বিমাপত্রটি কি ধরনের নৌ বিমা? ব্যাখ্যা কর। ৩

ঘ. জাহাজটি কি ক্ষতি পূরণ পাবে? ৪

৮. ▶ আলম সাহেব তার ক্রয়কৃত ট্রাকের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন। ট্রাকটি রাজশাহী থেকে ঢাকায় আম আনার জন্য চুক্তিবন্ধ হয়। পরে ট্রাকটি দুর্ঘটনার কবলে পড়ে। ফলে ট্রাক ও আম উভয়ই ক্ষতিগ্রস্থ হয়। আলম সাহেব দাবি করলে বিমা কোম্পানি তা পূরণ করে। অন্যদিকে আম মালিক আলম সাহেবের কাছে ক্ষতিপূরণ দাবি করায় তার ক্ষতি হয়।

ক. গবাদি পশু বিমা কি? ১

খ. দ্বৈত বিমা কি? ২

গ. আলম সাহেবের বিমাপত্রটি কোন ধরনের সম্পত্তি বিমা? ব্যাখ্যা কর। ৩

ঘ. ভবিষ্যতে অনুরূপ ক্ষতি এড়াতে আলম সাহেবের কি করণীয় ব্যাখ্যা কর। ৪

৯. ▶ বাদল সাহেব দুই বছরের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন। কিন্তু মেয়াদ পূর্ণ হলেও তিনি কোন বিমা দাবি পাননি। অন্য দিকে বজলু সাহেব ১০ বছরের একটি বিমা চুক্তি সম্পাদনের পর ৩ বছর প্রিমিয়াম প্রদান করার পর মারা যান। তার স্ত্রী বিমা দাবি করলে বিমা কোম্পানি তা পরিশোধ করে।

ক. বিমা চুক্তি কি? ১

খ. আজীবন বিমা বলতে কি বুঝ? ২

গ. বাদল সাহেবের জীবন বিমাটি মেয়াদ ভিত্তিতে কোন ধরনের? ৩

ঘ. উদ্দীপকে বজলু সাহেবের বিমাপত্রটি একই সাথে বিনিয়োগ ও আর্থিক সুরক্ষার সুযোগ দেয়— বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা -দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　　　পূর্ণমান — ৪০　　　　বিষয় কোড: ২ ৯ ৩

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. আধুনিক অর্থনীতির জীবনীশক্তি কোনটি?
ক ব্যাংক　খ অর্থ
গ মূলধন　ঘ বিনিয়োগ

২. ইতালীয় Banco শব্দ কোন জার্মান শব্দ থেকে এসেছে?
ক Banca　খ Bancus
গ Banke　ঘ Monte

৩. ব্যাসেল ২ এর বিষয়বস্তু হলো—
i. ঝুঁকিপূর্ণ সম্পদের বিপক্ষে প্রভিশন রাখা
ii. ঝুঁকিপূর্ণ আমানত গ্রহণ না করা
iii. ন্যূনতম মূলধন পর্যাপ্ততা নিশ্চিত করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
সোমনি ব্যাংক লিমিটেড দেশের কতকগুলো ব্যাংকের অধিকাংশ শেয়ার কিনে তাদের কার্যক্রমের ওপর নিজস্ব কর্তৃত্ব প্রতিষ্ঠা করেছে। একত্রে কার্যক্রম পরিচালনা করায় অনেক ক্ষেত্রেই তাদের সুবিধা গড়ে উঠেছে।

৪. উদ্দীপকে সংগঠন কাঠামো বিচারে কোন ধরনের ব্যাংকিং পদ্ধতি গড়ে উঠেছে?
ক সম্প্রসারিত ব্যাংকিং　খ গ্রুপ ব্যাংকিং
গ মিশ্র ব্যাংকিং　ঘ চেইন ব্যাংকিং

৫. উদ্দীপকের ব্যাংকিং পদ্ধতিতে যে সকল সুবিধা হতে পারে তা হলো—
i. সম্প্রসারিত কার্যক্রম পরিচালনা
ii. তারল্য সুবিধা
iii. জ্ঞান ও অভিজ্ঞতার বিনিময়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৬. বাংলাদেশে কোন ব্যাংক সাধারণত স্থানীয় পর্যায়ে কেন্দ্রীয় ব্যাংকের পক্ষে নিকাশ ঘরের দায়িত্ব পালন করে থাকে?
ক সোনালী ব্যাংক　খ জনতা ব্যাংক
গ উত্তরা ব্যাংক　ঘ রূপালী ব্যাংক

৭. SLR শব্দ সংক্ষেপের পুরো শব্দ কোনটি?
ক Statutory liquidity reserve
খ Statutory liquidity requirement
গ Standard liquidity reserve
ঘ Standard liquidity rate

৮. কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক ঋণ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে গৃহীত প্রত্যক্ষ শাস্তিমূলক ব্যবস্থার অন্তর্ভুক্ত হলো—
i. অতিরিক্ত দণ্ডসুদ চার্জ
ii. ঋণ সুবিধা প্রত্যাহার
iii. অতিরিক্ত নগদ জমা সঞ্চিতি সংরক্ষণের নির্দেশ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৯. বাংলাদেশ ব্যাংক কোন সংখ্যাত্মক পদ্ধতি ব্যবহার করে এক্ষেত্রে ভালো ফলের প্রত্যাশা করতে পারে?
ক জামানতের হার পরিবর্তন
খ খোলাবাজার কার্যক্রম
গ ঋণের বরাদ্দকরণ নীতি
ঘ প্রচারণা পদ্ধতি

**উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।**
বাংলাদেশ ব্যাংক নির্দেশ দিয়েছে তালিকাভুক্ত ব্যাংকগুলোকে তাদের প্রদত্ত ঋণের ৫% অবশ্যই কৃষিখাতে বরাদ্দ করতে হবে। ব্যাংকগুলো এ নিয়ে উৎসাহী না হলেও এটা না মেনে তাদের উপায় নেই।

১০. উদ্দীপকে উল্লেখ নির্দেশনা কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতির মধ্যে পড়বে?
ক ব্যাংক হার নীতি
খ ঋণের বরাদ্দকরণ নীতি
গ জামানতি ঋণের প্রান্তিক হার নীতি
ঘ প্রত্যক্ষ শাস্তিমূলক ব্যবস্থা

১১. ব্যাংকসমূহ কৃষিখাতে ঋণ দিতে উৎসাহী নয় বলে উদ্দীপকে উল্লেখ করা হয়েছে। এর মুখ্য কারণ কী?
ক কৃষকদের জমি নেই
খ তারা জামানত দিতে অক্ষম
গ কৃষকরা ঋণের ব্যাপারে উৎসাহী নয়
ঘ কৃষকদের ঋণ দান ও ঋণ আদায় কষ্টকর

১২. বাণিজ্যিক ব্যাংকের ঋণ আমানত সৃষ্টি প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ বিবেচ্য কোনটি?
ক নগদ জমা সঞ্চিতি
খ বিধিবদ্ধ তারল্য সঞ্চিতি
গ সাধারণ সঞ্চিতি　ঘ বিশেষ সঞ্চিতি

১৩. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংক সম্পর্কে সবচাইতে বেশি প্রযোজ্য?
ক এই ব্যাংক বাণিজ্যিক কর্মকাণ্ড পরিচালনা করে
খ এই ব্যাংক উদ্দেশ্যে হলো আমানত সংগ্রহ ও ঋণদান করা
গ এই ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে
ঘ এই ব্যাংক ঋণদানের উদ্দেশ্যে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করে

১৪. বাণিজ্যিক ব্যাংকের অভ্যন্তরীণ বাণিজ্যের ভূমিকার মধ্যে পড়ে—
i. মূলধন সরবরাহ　ii. প্রত্যয়পত্র ইস্যু
iii. কোম্পানির শেয়ার ও ঋণপত্র বিক্রয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
রতন একজন শিল্পপতি ও রপ্তানিকারক। বাংলাদেশ উন্নয়ন ব্যাংককে তার লেনদেন থাকলেও বাণিজ্যিক ব্যাংকেই তার অধিকাংশ লেনদেন। তার মনে হয় ব্যাংক বলতে কার্যত বাণিজ্যিক ব্যাংককেই বুঝায়।

১৫. রতন বাণিজ্যিক ব্যাংকে অধিকাংশ লেনদেন করে কেন?
ক এ ব্যাংকে সুদের হার কম
খ এ ব্যাংকের ব্যবস্থাপনা অত্যন্ত দক্ষ
গ এ ব্যাংক গ্রাহকদের অধিক ঋণ দেয়
ঘ ঋণসহ বিভিন্ন গ্রাহক সেবা এখানে পাওয়া যায়

১৬. নিচের কোন গুরুত্বপূর্ণ কারণে রতন মনে করে ব্যাংক বলতে কার্যত বাণিজ্যিক ব্যাংককেই বুঝায়?
ক এই ব্যাংকের আর্থিক স্বচ্ছলতা অনেক বেশি
খ এই ব্যাংক শিল্পের গঠনে অধিক ভূমিকা রাখে
গ সব ধরনের মানুষ এখান থেকে ব্যাংকিং সুবিধা পায়
ঘ এই ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের সাথে সম্পর্কীত

১৭. ব্যাংক ব্যবসায়ের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্ক খুবই গুরুত্বপূর্ণ। এই সম্পর্ক কিসের মাধ্যমে সৃষ্ট হয়?
ক অর্থ আমানত রাখার মাধ্যমে
খ ঋণ গ্রহণের মাধ্যমে
গ ব্যাংক হিসাব খোলার মাধ্যমে
ঘ আর্থিক লেনদেন করার মাধ্যমে

১৮. গ্রাহককে যথেষ্টভাবে জানতে হিসাব খুলতে আবেদনপত্রের সাথে যে ফর্ম প্রদত্ত হয় তাকে কী বলে?
ক AYC ফর্ম　খ KYC ফর্ম
গ YKC ফর্ম　ঘ YAC ফর্ম

১৯. একজন বড় ব্যবসায়ী হিসাব খোলার ক্ষেত্রে ব্যাংক বাছাইয়ে যে সকল বিষয় বিবেচনা করে তাহলো—
i. ব্যাংকের তালিকাভুক্ত　ii. ঋণ সুবিধা
iii. আমানত প্রকল্প
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

Teachingbd.com

২০. ব্যাংক ড্রাফট ও পে-অর্ডারের মধ্যে মিলের ক্ষেত্রে কোনটি?
ক) উভয়ই হস্তান্তরযোগ্য ঋণের দলিল
খ) এটি দেশে-বিদেশে সর্বত্র ব্যবহৃত হয়
গ) উভয় ক্ষেত্রেই ইস্যুকারী কর্তৃপক্ষ হলো ব্যাংক
ঘ) দু'ধরনের দলিলেই তিনটি করে পক্ষ থাকে

২১.




উপরের কোনটি বিশেষভাবে দাগকাটা চেকের নমুনা?
ক) ১ খ) ২ গ) ৩ ঘ) ৪

২২. চেকে একবার দাগকাটার পর কে তা প্রত্যাহার করতে পারে?
ক) আদেষ্টা খ) আদিষ্ট
গ) প্রাপক ঘ) ধারক

২৩. নিচের কোনটি ব্যাংকের নিজস্ব তহবিলের উৎস বহির্ভূত?
ক) শেয়ার মূলধন খ) সাধারণ সঞ্চিতি
গ) আমানত ঘ) বিশেষ সঞ্চিতি

২৪. জনাব সবুজ একজন সম্পদশালী ব্যক্তি। তিনি বিভিন্ন কোম্পানির যথেষ্ট শেয়ারেরও মালিক। তিনি দীর্ঘমেয়াদি ঋণ নিতে চান। এক্ষেত্রে ব্যাংকের নিকট কোন ধরনের জামানত অধিক গ্রহণযোগ্য হবে?
ক) স্থাবর সম্পত্তি খ) ব্যাংকের শেয়ার
গ) স্থাবর সম্পত্তি ও শেয়ার
ঘ) স্থাবর সম্পত্তি ও ব্যক্তিক জামানত

২৫. জনাব শাহেদ একজন গাড়ি আমদানিকারক। জাপানের সরবরাহকারীর চাহিদা মোতাবেক প্রতিবার তাকে স্থানীয় ব্যাংকের দেয়া লিখিত নিশ্চয়তা প্রদান করতে হয়। ব্যাংকের এ ধরনের নিশ্চয়তাকে কী বলে?
ক) পে-অর্ডার খ) আজ্ঞাপত্র
গ) প্রত্যয়পত্র ঘ) ব্যাংক গ্যারান্টি

২৬. ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থায় গ্রাহক যে সকল সুবিধা পায়, তা হলো—
i. সান্ধ্যকালীন ব্যাংকিং ii. এটিএম বুথ
iii. অনলাইন ব্যাংকিং
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. কোন ধরনের বিমার মধ্যে দিয়ে বিমা ব্যবসায় যাত্রা শুরু করে?
ক) জীবন খ) নৌ গ) অগ্নি ঘ) দুর্ঘটনা

২৮. বিমা চুক্তির ক্ষেত্রে আইনগতভাবে কে প্রস্তাব করে?
ক) বিমাকারী খ) বিমাগ্রহীতা
গ) বিমাকর্মী ঘ) বিমা প্রতিষ্ঠান

২৯. বিমা ব্যবসায় সংশ্লিষ্ট মূলনীতির মধ্যে পড়ে—
i. বিমাযোগ্য স্বার্থের নীতি
ii. সঞ্চয় ও বিনিয়োগ নীতি
iii. স্থলাভিষিক্তকরণ নীতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**
একটা গাড়ি ২০ লক্ষ টাকায় বিমা করা হয়। বিমাকৃত গাড়িটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয় এবং বিমা কোম্পানি নষ্ট গাড়িটি ৫০ হাজার টাকায় ধোলাইখালের ব্যবসায়ীর নিকট বিক্রয় করে। গাড়ির পূর্বতন মালিক এ টাকা দাবি করলেও তা পায়নি।

৩০. বিমার কোন নীতির কারণে দাবি গ্রাহ্য হয়নি?
ক) প্রত্যক্ষ কারণের নীতি
খ) স্থলাভিষিক্তকরণের নীতি
গ) আর্থিক ক্ষতিপূরণের নীতি
ঘ) আনুপাতিক অংশগ্রহন নীতি

৩১. নিচের কোনটি জীবন বিমা বহির্ভূত?
ক) বৃত্তি বিমা খ) ব্যক্তিগত দুর্ঘটনা বিমা
গ) হাসপাতাল বিমা ঘ) দায় বিমা

৩২. বিমা ব্যবসায়ের উৎপত্তির ক্রম হলো—
ক) জীবন → নৌ → অগ্নি → দুর্ঘটনা
খ) নৌ → জীবন → অগ্নি → দুর্ঘটনা
গ) নৌ → অগ্নি → জীবন → দুর্ঘটনা
ঘ) অগ্নি → নৌ → জীবন → দুর্ঘটনা

৩৩. মি. মাকসুদ তার প্রতিষ্ঠানের কর্মীদের সবার জীবন একটা পলিসির অধীনে বিমা করেছেন। তিনি কোন ধরনের বিমাপত্র সংগ্রহ করেছেন?
ক) গ্রুপ খ) যুগ্ম গ) দ্বৈত ঘ) ভাসমান

**উদ্দীপকটি পড়ো এবং ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. নাজিমুদ্দিন বিমা পলিসি খুলেছেন। শর্ত অনুযায়ী তিনি ১০ বছর নির্দিষ্ট হারে প্রিমিয়াম প্রদান করেছেন। মি. নাজিমুদ্দিনের মৃত্যুর পর তার স্ত্রী বা স্ত্রীর অবর্তমানে উত্তরাধিকারীরা ১০ লক্ষ টাকা পাবে।

৩৪. মি. নাজিমুদ্দিন কোন ধরনের জীবন বিমাপত্র সংগ্রহ করেছেন?
ক) মেয়াদি খ) বিশুদ্ধ মেয়াদি
গ) আজীবন ঘ) বৃত্তি

**উদ্দীপকটি পড়ো এবং ৩৫ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. মল্লিক তার স্ত্রীর জন্য ১০ লক্ষ টাকার ২০ বছর মেয়াদি একটা বিমাপত্র সংগ্রহ করেন। ৫ বছর চালানোর পর সপরিবারে বিদেশে চলে যাওয়ার সময় মি. মল্লিক বিমা কোম্পানি থেকে কিছু অর্থ প্রাপ্ত হন।

৩৫. মি. মল্লিকের বিমা কোম্পানি থেকে প্রাপ্ত অর্থকে কী বলে?
ক) বিমা দাবি খ) প্রিমিয়াম
গ) বোনাস ঘ) সমর্পন মূল্য

৩৬. নৌ বিমায় ব্যক্ত শর্তের বিষয়বস্তু হলো—
i. যাত্রার বৈধতা ii. সমুদ্র যাত্রার তারিখ
iii. বিমাকৃত সম্পদের বৈধতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৭. নিচের কোন ধরনের বিমার ক্ষেত্রে স্থাবর ও অস্থাবর উভয় ধরনের সম্পত্তিই বিমা করা যায়?
ক) নৌ খ) অগ্নি
গ) দুর্ঘটনা ঘ) শস্য

৩৮. অগ্নিজনিত কারণে ক্ষতির উদ্ভব হলে বিমাগ্রহীতার করণীয় হলো—
i. বিমাকারীকে অবহিতকরণ
ii. ক্ষতির তদন্তের ব্যবস্থা
iii. ক্ষতির বিবরণীসহ দাবি পেশ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৩৯ নং প্রশ্নের উত্তর দাও।**
মিতা এন্টারপ্রাইজের দেশের বিভিন্ন স্থানে সিএনজি ফিলিং স্টেশন রয়েছে। তারা একক অগ্নিবিমাপত্রের অধীনে তা বিমা করেছেন।

৩৯. মিতা এন্টারপ্রাইজ কোন ধরনের অগ্নিবিমাপত্র সংগ্রহ করেছে?
ক) গড়-পড়তা খ) ভাসমান
গ) বাড়তি ঘ) ঘোষণাযুক্ত

৪০. কোনটি সম্পত্তি বিমার অন্তর্ভুক্ত?
ক) ডাকাতি বিমা খ) দ্বৈত বিমা
গ) কর্মচারী বিমা ঘ) স্বাস্থ্য বিমা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ |
| | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ | ৩১ | ঘ | ৩২ | গ | ৩৩ | ক | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | গ | ৩৭ | গ | ৩৮ | খ | ৩৯ | খ | ৪০ | ক |

http://teachingbd.com